

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.shed.gov.bd



নথি নং-৩৭.০০.০০০০.০৭৪.০২৭.০০৮.২০১১(খন্ড-১).৯৪

তারিখ: ০২.০৩.২০২১ খ্রি.

বিষয় : শেরপুর জেলার ঝিনাইগাতী উপজেলার ঝিনাইগাতী মহিলা আদর্শ ডিগ্রি কলেজের অধ্যক্ষ জনাব মুহাম্মদ খলিলুর রহমান এর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ।

সূত্র : পত্র নং-০৩.৩৭.০০০০.০৭৪.৪৮.০০৩(অংশ-১).২০-০৬,


তারিখ: ১২.০১.২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শেরপুর জেলার ঝিনাইগাতী উপজেলার ঝিনাইগাতী মহিলা আদর্শ ডিগ্রি কলেজে ২০১২ সালে প্রভাষক(ইংরেজি) পদে নিয়োগ পরীক্ষায় জনাব পি আর মুহাম্মদ রাহুল ১ম স্থান এবং জনাব আবু হানিফ ২য় স্থান অধিকার করেন। উল্লেখ্য ২০১৯ সালে ঝিনাইগাতী মহিলা আদর্শ ডিগ্রি কলেজটি এমপিওভুক্ত হলে অধ্যক্ষ জনাব মুহাম্মদ খলিলুর রহমান বিধি বহির্ভূতভাবে ১ম স্থান অধিকারী জনাব পি আর মুহাম্মদ রাহুল কে বাদ দিয়ে ২য় স্থান অধিকারী জনাব আবু হানিফ কে এমপিওভুক্ত করান।

০২। অপরদিকে ২০১৫ সালে ডিগ্রী পর্যায়ে প্রভাষক(দর্শন) পদে নিয়োগ পরীক্ষায় জনাব আফরোজা আক্তার ১ম স্থান এবং জনাব যমুনা খাতুন ২য় স্থান অধিকার করেন। জনাব আফরোজা আক্তার ঝিনাইগাতী মহিলা আদর্শ ডিগ্রি কলেজ হতে পদত্যাগ না করে ২০১৬ সালে ময়মনসিংহ জেলার ফুলপুর উপজেলার কাতনি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক হিসেবে যোগদানপূর্বক দায়িত্ব পালন করছেন এবং বেতন ভাতা গ্রহণ করছেন। কাতনি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে কর্মরত থাকা সত্ত্বেও অধ্যক্ষ জনাব মুহাম্মদ খলিলুর রহমান বিধি বহির্ভূতভাবে প্রভাষক (দর্শন) পদে জনাব আফরোজা আক্তার কে এমপিওভুক্ত করার জন্য কর্তৃপক্ষ বরাবর প্রস্তাব প্রেরণ করেন।

০৩। এমতাবস্থায়, নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

ঝিনাইগাতী মহিলা আদর্শ ডিগ্রি কলেজে বিধি বহির্ভূতভাবে জনাব আবু হানিফ কে এমপিওভুক্তকরণ এবং জনাব আফরোজা আক্তার কে এমপিওভুক্তকরণের প্রচেষ্টার দায়ে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো এবং এমপিও নীতিমালা ২০১৮ এর ১৮.১(খ) এবং ১৮.১(গ) অনুযায়ী অধ্যক্ষ জনাব মুহাম্মদ খলিলুর রহমান এর এমপিও সাময়িকভাবে স্থগিতকরণ এবং কেন তার এমপিও স্থায়ীভাবে বাতিল করা হবে না সে বিষয়ে তাকে কারণ দর্শানো।


21/03/2021

(মো: কামরুল হাসান)

উপসচিব

ফোন: ৯৫৪০৫১৭

ই-মেইল: ds.mpo@moedu.gov.bd


মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

নথি নং-৩৭.০০.০০০০.০৭৪.০২৭.০০৮.২০১১(খস্-১).৯) ৪

তারিখ: ০২.০৩.২০২১ খ্রি

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে:

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. পরিচালক-৭, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. অধ্যক্ষ, ঝিনাইগাতী মহিলা আদর্শ ডিগ্রী কলেজ, ঝিনাইগাতী, শেরপুর।
৫. জনাব মুহাম্মদ খালিলুর রহমান, অধ্যক্ষ, ঝিনাইগাতী মহিলা আদর্শ ডিগ্রী কলেজ, ঝিনাইগাতী, শেরপুর।
৬. জনাব আবু হানিফ, প্রভাষক (ইংরেজি), ঝিনাইগাতী মহিলা আদর্শ ডিগ্রী কলেজ, ঝিনাইগাতী, শেরপুর।
৭. জনাব পি আর মুহাম্মদ রাহুল,
প্রভাষক (ইংরেজি), ঝিনাইগাতী মহিলা আদর্শ ডিগ্রী কলেজ, ঝিনাইগাতী, শেরপুর।
৮. জনাব যমুনা খাতুন, প্রভাষক(দর্শন), ঝিনাইগাতী মহিলা আদর্শ ডিগ্রী কলেজ, ঝিনাইগাতী, শেরপুর।
৯. জনাব আফরোজা আক্তার, সহকারী শিক্ষক, কাতনি সরকারি প্রাথমিক বিদ্যালয়, ফুলপুর, ময়মনসিংহ।
১০. অফিস কপি।


21/3/2021
(মো: কামরুল হাসান)
উপসচিব